# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৯০৪

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/২৫. নাবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম -এর প্রতি দরূদ পাঠ।

بَاب الصَّلَاةِ عَلَى النَّبِيِّ ﷺ

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا وَكِيعٌ، حَدَّثَنَا شُعْبَةُ، ح وَحَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ، وَمُحَمَّدُ بْنُ جَعْفَرٍ، قَالاَ حَدَّثَنَا شُعْبَةُ، عَنِ الْحَكَمِ، قَالَ سَمِعْتُ ابْنَ أَبِي لَيْلَى، قَالَ لَقِيَنِي كَعْبُ بْنُ عُجْرَةَ فَقَالَ أَلاَ أُهْدِي لَكَ هَدِيَّةً خَرَجَ عَلَيْنَا رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ فَقُلْنَا قَدْ عَرَفْنَا السَّلاَمَ عَلَيْكَ فَكَيْفَ الصَّلاَةُ عَلَيْكَ قَالَ " قُولُوا اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ عَلَى إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ اللَّهُمَّ بَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلَى إِبْرَاهِيمَ إِنَّكَ حَمِيدٌ مَجِيدٌ " .

বাংলা

২/৯০৪। ইবনু আবূ লাইলা (রহঃ) বলেন, কাব ইবনু উজরাহ আমার সাথে সাক্ষাৎ করে বললেন, আমি কি তোমাকে একটি উপহার দিবো না? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিকট বের হয়ে আসলে আমরা বললাম, আমরা আপনার প্রতি সালাম পেশের নিয়ম জেনে নিয়েছি। আপনার প্রতি দুরূদ কিভাবে পড়তে হবে? তিনি বলেনঃ তোমরা বলো (অনুবাদ) হে আল্লাহ! আপনি মুহাম্মাদ ও তাঁর পরিবারবর্গের প্রতি রহমত বর্ষণ করুন, যেমন আপনি ইবরাহীম (আলাইহি ওয়াসাল্লাম)-এর উপর রহমত বর্ষণ করেছেন। নিশ্চয়ই আপনি অধিক প্রশংসিত, মহিমান্বিত। হে আল্লাহ! আপনি মুহাম্মাদ ও তাঁর পরিবারবর্গের উপর বরকত দান করুন, যেমন আপনি বরকত দান করেছেন ইবরাহীম (আলাইহি ওয়াসাল্লাম)-কে। নিশ্চয় আপনি পরম প্রশংসিত মহিমান্বিত।

## English

It was narrated that Hakam said:
“I heard Ibn Abi Laila say: ‘Ka’b bin ‘Ujrah met me and said: “Shall I not give you a gift? The Messenger of Allah (ﷺ) came out to us and we said: ‘We know what it means to send greetings on you, but what does it mean to send peace and blessings upon you?’ He said: ‘Say: Allahumma salli ‘ala

Muhammadin wa ‘ala ali Muhammadin, kama sallayta ‘ala Ibrahima, innaka Hamidun Majid; Allahumma barik ‘ala Muhammadin wa ‘ala ali Muhammadin, kama barakta ‘ala Ibrahima, innaka Hamidun Majid (O Allah, send your grace, honour and mercy upon Muhammad and upon the family of Muhammad, as You sent Your grace, honour and mercy upon Ibrahim, You are indeed Praiseworthy, Most Glorious. O Allah, send Your blessings upon Muhammad and the family of Muhammad, as You sent Your blessings upon Ibrahim, You are indeed Praiseworthy, Most Glorious).’”

## ফুটনোট

তাখরীজ কুতুবুত সিত্তাহ: বুখারী ৩৩৭০, ৪৭৯৭, ৬৩৫৭; মুসলিম ৪০৬, তিরমিযী ৪৮৩, নাসায়ী ১২৮৭-৮৯, আবূ দাঊদ ৯৭৬, আহমাদ ১৭৬৩৮, ১৭৬৬১, ১৭৬৬৭; দারিমী ১৩৪২।

তাহক্বীক্ব আলবানী: সহীহ। তাখরীজ আলবানী: ইরওয়াহ ৩২০, সহীহ আবূ দাউদ ৮৯৬।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু আবূ লাইলা (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=11973

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন